

## পাওয়ার ব্যাংক থেকে ইন্ডিগো ফ্লাইটে আগুন

- A Monitor Desk Report

Date: 22 October, 2025



ঢাকাঃ দিল্লি বিমানবন্দরে ইন্ডিগো এয়ারলাইন্সের একটি ফ্লাইটে এক যাত্রীর পাওয়ার ব্যাংকে হঠাৎ আগুন ধরে যায়। ঘটনাটি ঘটেছে রবিবার ((১৯ অক্টোবর) বিকেলে দিল্লি থেকে নাগাল্যান্ডের ডিমাপুরগামী ইন্ডিগোর ফ্লাইটে। তবে সৌভাগ্যবশত, দ্রুত ব্যবস্থা নেওয়ায় বড় দুর্ঘটনা এড়ানো গেছে।

এয়ারলাইন্স সূত্রে জানা গেছে, ফ্লাইটের কেবিন ক্রু সদস্যরা দ্রুত স্ট্যান্ডার্ড অপারেটিং প্রটোকল মেনে আগুন নিয়ন্ত্রণে আনেন। পুরো ঘটনার সময় কোনো যাত্রী বা কর্মীর আহত হওয়ার খবর মেলেনি।

ইন্ডিগো এক বিবৃতিতে জানিয়েছে, এক যাত্রীর ব্যক্তিগত ইলেকট্রনিক ডিভাইস, যেটি সিটব্যাক পকেটে রাখা ছিল; তাতে অগুনের সূত্রপাত ঘটে। কেবিন ক্রু তৎক্ষণাৎ পরিস্থিতি সামাল দেন এবং অল্প সময়ের মধ্যেই আগুন সম্পূর্ণ নিভিয়ে ফেলা হয়।

ঘটনার পর ফ্লাইটের নিরাপত্তা যাচাই করা হয় এবং প্রটোকল অনুযায়ী সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করা হয়। সব পরীক্ষায় নিরাপত্তা নিশ্চিত হওয়ার পর ফ্লাইটেটিকে পুনরায় উড্ডয়নের অনুমতি দেওয়া হয়।

ফ্লাইট ট্র্যাকিং ওয়েবসাইট ফ্লাইটরাডার২৪ ডটকমেট তথ্য অনুযায়ী, এয়ারবাসের ফ্লাইটেটি বিকেল ২টা ৩৩ মিনিটে দিল্লি থেকে উড্ডয়ন করে এবং বিকেল ৪টা ৪৫ মিনিটে ডিমাপুরে অবতরণ করে।

ইন্ডিগো জানায়, আমাদের যাত্রীরা পুরো সময় শান্ত ও সহযোগিতাপূর্ণ ছিলেন। আমরা তাঁদের অসুবিধা কমাতে সর্বোচ্চ চেষ্টা করেছি।

তবে ফ্লাইটে ঠিক কতজন যাত্রী ছিলেন, সে বিষয়ে কোনো তথ্য জানা যায়নি।

উল্লেখ্য, এর আগে গত সপ্তাহেই চীনের এয়ার চায়না-এর একটি ফ্লাইটে লিথিয়াম ব্যাটারির কারণে একই ধরনের অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছিল।

